



আজ সন্ধ্যায় দেশে পৌঁছাবে হাদির মরদেহ, শনিবার জানাজা



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান বিন হাদির মরদেহ সিঙ্গাপুর থেকে দেশে আনার প্রক্রিয়া চূড়ান্ত হয়েছে। বাংলাদেশ বিমানের একটি নিয়মিত বাণিজ্যিক ফ্লাইটে শুক্রবার (১৯ ডিসেম্বর) স্থানীয় সময় বিকেল ৩টা ৫০ মিনিটে ঢাকার উদ্দেশে যাত্রা করবে মরদেহ। ফ্লাইটটি সন্ধ্যা ৬টা ৫ মিনিটের দিকে ঢাকায় পৌঁছানোর সম্ভাবনা রয়েছে।

মরদেহ পাঠানোর আগে শুক্রবার সকাল ১০টায় সিঙ্গাপুরের অ্যাঙ্গুইলা মসজিদে হাদির প্রথম জানাজা অনুষ্ঠিত হবে। দেশে পৌঁছানোর পর শনিবার বাদ জোহর ঢাকার মানিক মিয়া অ্যাভিনিউতে দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জানাজা শেষে তার দাফন সম্পন্ন করা হবে।

গত শুক্রবার রাজধানীর বিজয়নগর এলাকায় সন্ত্রাসীদের গুলিতে গুলিবদ্ধ হন শরিফ ওসমান বিন হাদি। তাৎক্ষণিকভাবে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। অস্ত্রোপচারের পর উন্নত চিকিৎসার জন্য তাকে এভারকেয়ার হাসপাতালে স্থানান্তর করা হয়। পরবর্তীতে গত সোমবার (১৫ ডিসেম্বর) এয়ার অ্যাম্বুলেন্সে করে তাকে সিঙ্গাপুরে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার রাতে তার মৃত্যুর খবর নিশ্চিত হয়।

হাদির মৃত্যুর খবরে দেশে ও প্রবাসে শোকের ছায়া নেমে এসেছে। বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তার আত্মার মাগফিরাত কামনা করছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।